

# চবিতে পুলিশ-প্রক্টরের বাধায় গ্রেডিং আন্দোলন কর্মসূচি পণ্ড

**চবি সংবাদদাতা**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সুপারিশ অনুযায়ী অনার্স ও মাস্টার্সে অভিন্ন গ্রেডিং জটিলতা বাড়িলের দাবিতে উত্তপ্ত হয়ে উঠেছে চট্টগ্রাম

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। শনিবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সামনে কয়েক হাজার শিক্ষার্থী শান্তিপূর্ণ মানববন্ধন কর্মসূচি পালন করতে গেলো

বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি ও পুলিশের হস্তক্ষেপে তা পণ্ড হয়ে যায়। এ সময় পেশাগত দায়িত্ব পালনকালে দুই সাংবাদিককে লাঞ্চিত আন্দোলন : পৃষ্ঠা ১৫ কলাম ১

## আন্দোলন : চবিতে

(শেখ পৃষ্ঠার পর)

করে প্রক্টরিয়াল বডির এক সদস্য ও পুলিশ। এতে আন্দোলনকারীরা ক্ষোভে মেটে পড়ে। অভিযোগ রয়েছে, ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে চবিতে অভিন্ন গ্রেডিং পদ্ধতি চালু হওয়ার কথা। কিন্তু এ সিদ্ধান্ত অধিকাংশ বিভাগের আগের শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ওপর চাপিয়ে দেয়া হয়। এতে নতুন গ্রেডিং অনুযায়ী মার্ক বন্টন হওয়ায় চবির চার অনুষ্ঠানের প্রায় নয় হাজার শিক্ষার্থী গ্রেডিং বিপাকে রয়েছে। এ সমস্যা সমাধানে এর আগে চবি প্রক্টরকে একটি স্মারকলিপিও দেয় উক্তভোগী শিক্ষার্থীরা। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো উদ্যোগ না নেয়ায় গতকাল তারা মানববন্ধন করে। জানা গেছে, বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক কর্মসূচির ওপর নিষেধাজ্ঞার অঙ্কনসহ

চবি সহকারী প্রক্টর চন্দন কুমার পোদ্দার তাতে বাধা দেন ও শিক্ষার্থীদের কাছ থেকে ব্যানারটি হিনিয়ে নেন। এ সময় হাটহাজারী থানার এসআই হাবিব দৈনিক সমকালের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি রাজীব নন্দী ও যায়যায়দিনের সংবাদদাতা কামরুজ্জামান বাবলুকে ধাক্কা দেয় ও শাসায় বলে অভিযোগ করেছেন তারা। এসআই হাবিব ধাক্কা দিয়ে রাজীব নন্দীর ক্যামেরা কেড়ে নেয়ার চেষ্টা ও বাবলুর শার্টের কলার চেপে ধরে। এ ঘটনার প্রতিবাদে উপস্থিত শিক্ষার্থীরা বিক্ষোভ করে। দুপুরে দুই সাংবাদিক প্রতিনিধি প্রক্টর অফিসে অভিযোগ জানাতে গেলে প্রক্টরের উপস্থিতিতে হাটহাজারী থানার এসআই হাবিব এ ঘটনায় মুঃ প্রকাশ করেন। চবিতে কর্মরত সাংবাদিকরাও এ ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন।